# সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীর পাঁচ মামলায় হাইকোর্টে জামিন



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভী বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালে সংঘটিত শ্রমিক মিনারুল ইসলাম হত্যাসহ মোট পাঁচটি মামলায় হাইকোর্ট থেকে জামিন পেয়েছেন।

রবিবার (৯ নভেম্বর) বিচারপতি এ এস এম আব্দুল মোবিন ও বিচারপতি সগীর হোসেনের হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। আদালত রুল নিষ্পত্তি করে আইভীর পক্ষে জামিন মঞ্জুর করেন। শুনানিতে তার আইনজীবী হিসেবে উপস্থিত ছিলেন ব্যারিস্টার সারা হোসেন।

এর আগে চলতি বছরের মে মাসে একই মামলায় আইভীর জামিন আবেদন নাকচ করেছিলেন আদালত।

২০২৪ সালের ২০ জুলাই নারায়ণগঞ্জের আদমজী এলাকায় বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনের সময় গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হন পোশাক শ্রমিক মিনারুল ইসলাম। দ্রুত হাসপাতালে নেওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। পরদিন গ্রামের বাড়িতে তার দাফন সম্পন্ন হয়।

ঘটনার প্রায় দুই মাস পর, নিহত মিনারুলের ভাই নাজমুল হক বাদী হয়ে শেখ হাসিনাসহ ১৩২ জনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাত আরও প্রায় ৩০০ জনকে আসামি করে সিদ্ধিরগঞ্জ থানায় হত্যা মামলা দায়ের করেন। মামলার এজাহারে ১২ নম্বর আসামি হিসেবে নাম আসে সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীর। পরবর্তীতে তার বিরুদ্ধে আরও চারটি মামলা দায়ের করা হয়, যার সবকটিতে তিনি জামিনের জন্য আবেদন জানান।

আদালতের সাম্প্রতিক রায়ের মাধ্যমে পাঁচটি মামলায়ই আইভী অস্থায়ী মুক্তি পেলেন।

LENS ASIA